# লেবাননে যুদ্ধবিরতি লঙ্ঘন করে বিমান হামলা ইসরায়েলের



সংগৃহীত ছবি

লেবাননে আবারও যুদ্ধবিরতি ভেঙে অভিযান চালিয়েছে ইসরায়েল। হিজবুল্লাহর কয়েকটি অবস্থান লক্ষ্য করে হামলার কথা জানিয়েছে ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)। এ তথ্য প্রকাশ করেছে দ্য জেরুজালেম পোস্ট।

রোববার (২৫ জানুয়ারি) অভিযানের একটি ভিডিও প্রকাশ করে আইডিএফ জানায়, সম্ভাব্য হামলার আশঙ্কা থেকে আত্মরক্ষার অংশ হিসেবে এ পদক্ষেপ নেয়া হয়েছে। তাদের দাবি, হিজবুল্লাহর কার্যক্রম থেকে তাৎক্ষণিক ঝুঁকি তৈরি হয়েছিল।

ইসরায়েলের ভাষ্য অনুযায়ী, এ হামলায় হিজবুল্লাহর আর্টিলারি বিভাগের প্রধান মুহাম্মদ আল হুসেনিসহ দুজন নিহত হয়েছেন। বীর আল সানসাল ও বেক্কা উপত্যকা সংলগ্ন এলাকায় এই অভিযান চালানো হয়।

LENS ASIA

আইডিএফ আরও দাবি করেছে, অভিযানে হিজবুল্লাহর একাধিক ঘাঁটি ধ্বংস করা হয়েছে। অস্ত্রাগার, অস্ত্র প্রস্তুতকারক স্থাপনা এবং অন্যান্য অবকাঠামো লক্ষ্য করে বিমান হামলা চালানো হয়েছে।